



PERMANENT MISSION OF BANGLADESH TO THE UNITED NATIONS

Diplomat Center, 820 2nd Avenue (4th floor), New York, NY 10017
Tel: (212) 867-3434 • Fax: (212) 972-4038 • E-mail: bdpmny@gmail.com
08 Web site: www.un.int/bangladesh

প্রেস রিলিজ

জাতিসংঘ সনদ স্বাক্ষর দিবস উদযাপন করল জাতিসংঘ সাধারণ পরিষদ অনুষ্ঠানে প্রতীকী স্বাক্ষর প্রদান করলেন রাষ্ট্রদূত মাসুদ

নিউইয়র্ক, ২৬ জুন ২০১৯:

যুক্তরাষ্ট্রের সান ফ্রানসিস্কোতে ১৯৪৫ সালের ২৬ জুন স্বাক্ষরিত হয় জাতিসংঘ সনদ। জাতিসংঘ সনদ স্বাক্ষরের দিনটি স্মরণে এবং ২০২০ সালের সেপ্টেম্বর মাসে জাতিসংঘের পঁচাত্তর বছর পূর্তি উপলক্ষে আয়োজিত কর্মসূচিসমূহকে এগিয়ে নেওয়ার অংশ হিসেবে আজ জাতিসংঘের সাধারণ পরিষদ একটি অনুষ্ঠানের আয়োজন করে। এতে সনদ স্বাক্ষরের দিনটির প্রতি সম্মান জানিয়ে প্রতীকী স্বাক্ষর করেন সদস্য রাষ্ট্রসমূহের স্থায়ী প্রতিনিধিগণ। বাংলাদেশের পক্ষে প্রতীকী স্বাক্ষর করেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত মাসুদ বিন মোমেন।

প্রতীকী স্বাক্ষর অনুষ্ঠানের আগে জাতিসংঘের ছয়টি দাপ্তরিক ভাষায় জাতিসংঘ সনদের মুখবন্ধ সম্বলিত একটি পোস্টার প্রদর্শন করা হয়। এছাড়া অনুষ্ঠানটিতে জাতিসংঘ সনদ ও আন্তর্জাতিক অপরাধ আদালত সনদ স্বাক্ষরের সেই ঐতিহাসিক দিনের (১৯৪৫ সালের ২৬ জুন) তথ্য সম্বলিত একটি ভিডিও চিত্রও প্রদর্শন করা হয়।

অনুষ্ঠানটিতে বক্তব্য রাখেন জাতিসংঘ সাধারণ পরিষদের সভাপতি মিজ্ মারিয়া ফার্নান্দে এসপিনোসা গার্সেজ্ এবং জাতিসংঘের ৭৫ বছর পূর্তি অনুষ্ঠান উদযাপনের বিশেষ উপদেষ্টা ফ্যাবরিজিও হচ্চাইল্ড ড্রামমন্ড।

জাতিসংঘ সনদ স্বাক্ষরের দিনটির তাৎপর্য তুলে ধরে প্রদত্ত বক্তব্যে সাধারণ পরিষদের সভাপতি বলেন, “আমি দৃঢ়ভাবে বিশ্বাস করি, আজও আমরা সান ফ্রানসিস্কোর সেই দিনটির শক্তিকে অনুভব করতে পারি। আজ আমরা এখানে প্রতীকী স্বাক্ষর করলাম। এজেভা ২০৩০ এবং প্যারিস চুক্তিসহ বৈশ্বিক চ্যালেঞ্জ মোকাবিলায় গৃহীত অন্যান্য চুক্তি ও কনভেনশন যেমন অভিবাসন, সমুদ্র সম্পদ ও আইন, খাদ্য নিরাপত্তা, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন, স্বাস্থ্য অথবা নারীর ক্ষমতায়ন ইত্যাদি বিষয়ে আমাদের প্রতিজ্ঞাসমূহ অটুট রাখতে জাতিসংঘ সাধারণ পরিষদের উচ্চ পর্যায়ের সত্তাহেও আমরা দূরদর্শী ও বাস্তবভিত্তিক পদক্ষেপ গ্রহণ করব”।

বহুপক্ষবাদ এবং বৈশ্বিক সহযোগিতা বৃদ্ধির মাধ্যমে আগামী বছর জাতিসংঘের ৭৫ বছর পূর্তি অনুষ্ঠান উদযাপনে এগিয়ে আসতে সকল সদস্য দেশের প্রতি আহ্বান জানান বক্তাগণ।
